



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ডিসিকে স্মারকলিপি দেয়ার পর ফেরার পথে ভাইবোন ছড়া এলাকার মুরুবীদের আটকিয়েছে সংস্কারবাদীরা, ইউপিডিএফের নিন্দা

খাগড়াছড়ির ভাইবোনছড়া ইউনিয়নের দেওয়ানপাড়ায় অবস্থানরত সশস্ত্র সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয়ার পর ফেরার পথে প্রতিনিধি দলের মধ্যে চার জনকে শহরের মহাজনপাড়ায় গাড়ি থেকে নামিয়ে আটকিয়ে রেখেছে জনসংহতি সমিতির সংস্কারবাদী গ্রুপের সদস্যরা।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা এক বিবৃতিতে উক্ত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং আটককৃতদের উদ্ধারে তড়িৎ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সোমবার ১৩ আগস্ট ২০১৮ দুপুরে ভাইবোনছড়া ইউনিয়নের মেম্বার দয়াময়ী চাকমা, মতেন্দ্র ত্রিপুরা, ধনু ত্রিপুরা ও শান্তি রঞ্জন চাকমার নেতৃত্বে আনুমানিক ২০০ জনের একটি প্রতিনিধি দল দেওয়ানপাড়ায় অবস্থানরত সশস্ত্র সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ তিন দফা দাবিতে জন্য জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিতে যায়।

কিন্তু স্মারকলিপি দেয়ার পর ফেরার পথে জেএসএস সংস্কারবাদী গ্রুপের সদস্যরা শহরের মহাজনপাড়ায় গাড়ি আটকিয়ে সিন্ধু রায় ত্রিপুরা, তকাই ত্রিপুরা, মসা ত্রিপুরা ও সুখেন্দু ত্রিপুরাকে অস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে যায়।

ইউপিডিএফ নেতা প্রশ্ন করে বলেন, ‘কার শক্তির বলে বলীয়ান হয়ে সংস্কারবাদীরা সরকারী প্রশাসন ও দেশের আইনকানুনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে শহরের কেন্দ্রস্থল থেকে দিনদুপুরে লোকজনকে অপহরণ করতে পারে?’ তিনি অবিলম্বে অপহরণকারী ও সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানান।

উল্লেখ্য, গত ৬ আগস্ট থেকে দেওয়ানপাড়ায় একটি সন্ত্রাসী দল অবস্থান করে ভাইবোনছড়া ও পেরাছড়া এলাকায় ত্রাসের রাজত্ব কায়ম করেছে। তারই প্রতিবাদে এলাকাবাসী আজ জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি দিতে যান।

স্মারকলিপিতে তারা বলেন, ‘গত ৬ আগস্ট ২০১৮ থেকে দীপন আলো চাকমা, সাধন চাকমা ও সাধু চাকমার নেতৃত্বে ২০-২৫ জনের একটি সশস্ত্র সন্ত্রাসী দল ভাইবোনছড়ার দেওয়ানপাড়ায় অবস্থান করে এলাকায় ত্রাস ও


বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। তারা প্রকাশ্য দিবালোকে রাস্তায় গাড়ি থামিয়ে চাঁদা তুলছে, গিরিফুল থেকে পানছড়ি পর্যন্ত সকল দোকানপাট (ভাইবোনছড়া বাজার ছাড়া) বন্ধ রাখার নির্দেশ দিয়েছে এবং প্রত্যেক দোকানদারের কাছ থেকে মোটা অংকের চাঁদা দাবি করেছে। তাদের নির্দেশ অমান্যকারীকে প্রাণনাশ করা হবে বলে তারা হুমকি দিয়েছে।

‘এছাড়া গত ৯ আগস্ট ২০১৮ সন্ধানসীরা দেওয়ানপাড়ায় বকুল চাকমা নামে এক টমটম চালককে অপহরণের পর সাংঘাতিকভাবে মারধর করে। পরে দশ হাজার টাকা মুক্তিপণের বিনিময়ে তাকে ছেড়ে দেয়া হয়।

‘জেলায় সরকারী প্রশাসন, পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ব্যাপক উপস্থিতি সত্ত্বেও (দেওয়ান পাড়ায় সেনাবাহিনীর একটি ক্যাম্প রয়েছে) সন্ধানসীদের চাঁদাবাজি, হুমকি, ভয়ভীতি ও উৎপাত চলতে থাকায় এলাকায় আপামর জনসাধারণের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়েছে।’

স্মারকলিপিতে তিন দফা দাবি জানানো হয়েছে। এগুলো হলো অবিলম্বে দেওয়ান পাড়ায় অবস্থানরত সশস্ত্র সন্ধানসীদের গ্রেফতার করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা, এলাকায় সন্ধানসীদের কাছ থেকে হুমকি পাওয়া দোকানদারদেরসহ শান্তিপ্রিয় জনসাধারণের জানমালের নিরাপত্তা বিধান করা এবং সন্ধানসীদের মদদদাতা ও পৃষ্ঠপোষকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা নেয়া।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।